1444

দৈনিক ইত্তেফাক

তারিখ ... APR 2 1 1999
পৃষ্ঠা ৩ কলাম ৪

## ২৪শে এপ্রিল কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের শতবর্ষ অনুষ্ঠান শুরু

আগামী ২৪শে এপ্রিল ঐতিহ্যবাহী কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের শতবর্ষ উদযাপন কমিটির উদ্বোধনী অনুষ্ঠান শুরু হইবে। কলেজের প্রাক্তন শিক্ষার্থী সমিতি 'ওল্ড ভিক্টো-

( ৯ম পৃঃ দ্রঃ )

### ২৪শে এপ্রিল

( ৩য় পৃঃ পর )

রিয়ান্স'-এর উদ্যোগে কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ কর্তৃপক্ষ কলেজের ছাত্র সংসদ এবং বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক প্রতিনিধিদের সমন্বয়ে একটি সাংগঠনিক কমিটি গঠন করা হইয়াছে। ২৪শে এপ্রিল কলেজ ভবন প্রাঙ্গণে শতবর্ষ উপলক্ষে র‍্যালী, প্রতিষ্ঠাতা শ্রী আনন্দ চন্দ্র রায়ের বাড়ীতে স্মৃতিতর্পণ, বিকালে কলেজ প্রাঙ্গণে প্রতিষ্ঠাতা শ্রী আনন্দ রায়, প্রথম অধ্যক্ষ শ্রী সত্যেন্দ্রনাথ রায় ও অধ্যক্ষ আক্তার হামিদ খান স্মারক বক্তৃতা এবং সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে শতবর্ষ অনুষ্ঠান শুরু হইবে। আগামী ২৪শে নভেম্বর সমাপনী অনুষ্ঠান। ওল্ড ভিক্টোরিয়ান্স সদস্যদের অনুষ্ঠানে যথাসময়ে যোগদান করিতে সমিতির সভাপতি এ এইচ মোফাজ্জল করিম অনুরোধ জানাইয়াছেন। মন্ত্রী রফিকুল ইসলাম বীরোত্তম অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকিবেন। —সংবাদ বিজ্ঞপ্তি।